গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
তদন্ত শাখা

...

সভাপতি	মোঃ ইসমাইল হোসেন এনডিসি সচিব, খাদ্য মন্ত্রণালয়
সভার তারিখ	৩০.০১.২০২৩ খ্রি:
সভার সময়	বেলা ১২.০০ টা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) মহোদয়কে কর্মশালায় তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন। খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরে তথ্য অধিকার কর্মপরিকল্পনা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধবার্ষিক পর্যালোচনায় দেখা যায়, খাদ্য মন্ত্রণালয় ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বার্ষিক প্রতিবেদন সঠিক সময়ে অর্থাৎ ১৫/১০/২০২২ খ্রি. তারিখের পূর্বেই প্রকাশিত হয়েছে। কিন্তু খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন অদ্যাবধি প্রকাশ করা হয়নি।

তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ ও সে মোতাবেক ক্রমিক নম্বর [১.৫.১] এ প্রচার কার্যক্রম সম্পন্ন এবং তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন ও সে মোতাবেক ক্রমিক নম্বর [১.৬.১] এ আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে লক্ষ্যমাত্রা ৩টি নির্ধারিত থাকলেও বিগত ৬ মাসে খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক ১টি কার্যক্রমও সম্পন্ন হয়নি।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে মন্ত্রণালয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা জনাব একেএম মামুনুর রশিদ, যুগ্মসচিব জানান, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের GRS সেবাবক্সে আপিল কর্মকর্তার তথ্য সঠিকভাবে উল্লেখ নেই। তিনি বলেন, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে সঠিকভাবে তথ্য উল্লেখ করা হয়নি। তিনি আরো জানান যে, আওতাধীন দপ্তর/সংস্থার আপিল কর্মকর্তা হবেন মন্ত্রণালয়ের অনিক। তিনি আরও জানান, GRS এর কার্যক্রম নং ১.২ অনুসারে নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইনে নিষ্পত্তিকৃত অভিযোগ ১০০% হবে না। GRS সফটওয়্যার অনুসারে খাদ্য অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তির হার ৮৮.৭৩%। সুতরাং অভিযোগ নিষ্পত্তির সঠিক শতকরা হার যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

সিস্টেম এনালিস্ট জনাব মো: মোবারক হোসেন জানান, অভিযোগের নিষ্পত্তি হবে Quality based। মাঝে মাঝে অভিযোগের Quality based নিষ্পত্তি হলো কী না তা যাচাই করতে হবে।

জনাব শারমিন ইয়াসমিন, উপসচিব ও বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা জানান, খাদ্য অধিদপ্তরের তথ্য অধিকার আইনের সেবাবক্সে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক তথ্য সঠিকভাবে উল্লেখ করা হয়নি। সঠিকভাবে সেবাবক্সের তথ্য বিন্যাস অনুসরণ করার পরামর্শ প্রদান করেন। তিনি উল্লেখ করেন খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রকাশে বিলম্বে

হলেও তা জরুরীভিত্তিতে প্রকাশ করতে হবে।

অতিরিক্ত সচিব ড. সালমা মমতাজ বলেন, তথ্য অধিকার বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদান রাখায় সকল মন্ত্রণালয় ও বিভাগের মধ্যে খাদ্য মন্ত্রণালয় ২য় স্থান অর্জন করে তথ্য অধিকার পুরস্কার ২০২২ গ্রহণ করে। সে মোতাবেক তথ্য অধিকার কর্মপরিকল্পনা (RTI) ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS) বাস্তবায়নে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও খাদ্য অধিদপ্তরকে শতভাগ অগ্রগতি অর্জনে সচেষ্ট হতে হবে।

খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক এপিএ সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অন্তর্ভুক্ত তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মশালায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে।

২। স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৩। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরি করতে হবে এবং হালনাগাদ করতে হবে।

৪। ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ের প্রচার কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে। ন্যূনতম ০১ (একটি) জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম ফেব্রুয়ারি/২০২৩ এর মধ্যে সম্পাদন করতে হবে এবং বাকি ০২ (দুইটি) জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম মে/২০২২ এর মধ্যে সম্পন্ন করে প্রয়োজনীয় প্রমাণক দাখিল করতে হবে। প্রমাণক হিসেবে নোটিস, মোবাইল নম্বরসহ বিভিন্ন শ্রেণির পেশাজীবীর হাজিরা, অফিস আদেশ, অন্যান্য প্রমাণক (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

৫। তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সহ সংশ্লিষ্ট বিষয়ে আগামী ফেব্রুয়ারি/২০২৩ মাসের মধ্যে ১ টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে এবং বাকি ২টি প্রশিক্ষণ মে/২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। প্রমাণক হিসেবে প্রশিক্ষণের অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতি/হাজিরা এবং অন্যান্য প্রমাণক (যদি থাকে) সংযুক্ত করতে হবে।

৬। তথ্য অধিকার সংক্রান্ত প্রত্যেকটি অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্সে সঠিকভাবে প্রকাশ করতে হবে এবং মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৭। খাদ্য অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ১০/০২/২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৮। মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আলোকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তা নিয়োগ এবং এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে মূল্যায়ন পদ্ধতি অনুসারে প্রমাণক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৯। নিষ্পত্তিকৃত অভিযোগের শতকরা হার সংশোধন করে সঠিকভাবে প্রতিবেদন মন্ত্রণালয়ে ০৭/০২/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

১০। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা, জিআরএস প্রশিক্ষণ আয়োজন করে প্রমাণকসহ প্রতিবেদন মে/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

পরিশেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইসমাইল হোসেন এনডিসি
সচিব, খাদ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২৩.১৬.০০৬.২২.২৩

তারিখ: ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন, খাদ্য মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন কোষ, খাদ্য মন্ত্রণালয়
৪) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
৫) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৬) যুগ্ম সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়
৭) উপসচিব, তদন্ত শাখা, খাদ্য মন্ত্রণালয়
৮) উপসচিব , অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়
৯) পরিচালক (চলতি দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
১০) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
১১) অতিরিক্ত পরিচালক, পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
১২) পরিচালক (সংস্থাপন ও পরিবিক্ষণ) (চলতি দায়িত্ব), সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা এবং পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
১৩) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)
১৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
১৫) সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা, খাদ্য মন্ত্রণালয়

হুরে জান্নাত
উপসচিব